Department of Education
Chancellor Richard A. Carranza

8 মার্চ, 2021

প্রিয় পরিবারবর্গ,

আমি আশা করছি যে আপনি এবং আপনার প্রিয়জন নিরাপদ ও সুস্থ আছেন। আমি আপনাদের একটি উৎসাহব্যঞ্জক আপডেট জানাতে আজ লিখছি: আমরা আমাদের হাই স্কুলগুলো 22 মার্চ সশরীরে শিক্ষার জন্য পুনরায় খুলবো।

শিক্ষা বছরের শুরু থেকে, আপনাদের সন্তানদের একটি সশরীরে শ্রেণীকক্ষে প্রেরণ করার জন্য যারা উদগ্রীব হয়ে আছেন, আমরা তাদের অনেকের বক্তব্য শুনেছি। আমি জানি, যখন আপনার সন্তান অব্যাহতভাবে দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) গ্রহণে কঠোরভাবে কাজ করে গেছে, আপনি ও আপনার সন্তান অন্য গ্রেডের শিক্ষার্থীদের সশরীরে শিক্ষায় পুনরায় ফিরে যেতে দেখেছেন। আমি অত্যন্ত আনন্দিত যে যেসব 9-12 গ্রেডের শিক্ষার্থী ফল-এ (হেমন্তে) মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং বেছে নিয়েছিল তাদের এখন শ্রেণীকক্ষে ফিরে আসতে আমন্ত্রণ জানাচ্ছি।

অন্য গ্রেডের শিক্ষার্থী ও স্টাফরা যখন স্কুল ভবনে পুনরায় ফিরে এসেছে, আমরা স্কুল কমিউনিটিকে সুস্থ ও নিরাপদ রাখায় সহায়তা করতে, এবং আমাদের ভবনে শিক্ষার্থীদের সশরীরে শিক্ষার সময় সর্বাধিক করতে কঠোর চর্চা গড়ে তুলেছি। স্পোর্টস্ ও পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রম সহ, বিভিন্ন কর্মকাণ্ড সম্পর্কে আরো তথ্য শীঘ্রই শেয়ার করা হবে। এখনকার মত, আপনার স্কুল কীভাবে সশরীরে শিক্ষার জন্য পুনরায় খুলবে সেবিষয়ে আপনার উল্লিখিতগুলো জানা প্রয়োজন:

### সাপ্তাহিক COVID-19 পরীক্ষা বা টেস্টিং এবং বাধ্যতামূলক সম্মতিদান

- সকল স্কুলে 20% শিক্ষার্থী ও স্টাফকে এলোমেলোভাবে বেছে নিয়ে সাপ্তাহিক ভিত্তিতে পরীক্ষণ বা টেস্টিং করা হবে।
- যেসকল শিক্ষার্থী ইতোমধ্যে পরীক্ষা বা টেস্টিং করার জন্য সম্মতিপত্র জমা দেয়নি, তাদের সশরীরে শিক্ষা গ্রহণ করতে হলে সশরীরে শিক্ষার জন্য উপস্থিতির প্রথম দিন অবশ্যই জমা দিতে হবে।
- পরিবারদের তাদের সন্তানদের সশরীরে শিক্ষার জন্য ফিরে আসার প্রথম দিনের আগে mystudent.nyc সাইটে, NYC স্কুলস অ্যাকাউন্টের মাধ্যমে সম্মতিপত্র জমা দিতে উৎসাহিত করা হচ্ছে।

যদি আপনার শিক্ষার্থীর(দের) সাথে সংযুক্ত একটি NYCSA অ্যাকাউন্ট ইতোমধ্যে থেকে থাকে:

- লগ ইন করুন, আপনার শিক্ষার্থীর নামে ক্লিক করুন, “অ্যাকাউন্ট নিয়ন্ত্রণ (Manage Account)"-এ ক্লিক করুন, এবং এরপর যখন একটি ড্রপডাউন মেন্যু আবির্ভূত হয়, “সম্মতি ফর্মসমূহ (Consent Forms)”-এ ক্লিক করুন।
- পৃষ্ঠাটি পড়ুন, এবং এরপর একেবারে শেষে আপনার সন্তানের জন্য সম্মতির অপশনটি বেছে নিন।

যদি আপনার ইতোমধ্যেই একটি NYCSA অ্যাকাউন্ট না থেকে থাকে:

- আপনি এখনই একটি তৈরি করতে পারেন! যদি আপনার স্কুলে থেকে একটি অ্যাকাউন্ট তৈরি করার (ক্রিয়েশন) কোড থেকে থাকে, আপনি আনুমানিক পাঁচ মিনিটে একটি পূর্ণ অ্যাকাউন্ট তৈরি করতে পারবেন, এবং এরপর উপরিল্লিখিত সম্মতি প্রদান করতে পারবেন।
- যদি আপনার স্কুল থেকে একটি অ্যাকাউন্ট তৈরি করার (ক্রিয়েশন) কোড থেকে না থাকে, আপনি তারপরও সম্মতি প্রদান করতে পারেন "COVID-19 Testing (পরীক্ষণ)" -এর অধীনে “সম্মতি নিয়ন্ত্রণ (Manage Consent)”-এ ক্লিক করে এবং আপনি ও আপনার সন্তানের তথ্য প্রদান করে।
- আপনি এই চিঠির সাথে সংযুক্ত ফর্মটি পূরণ করেও জমা দিতে পারেন।
- **যেসব শিক্ষার্থী সম্মতিপত্র জমা দিবে না, তাদের তাৎক্ষণিকভাবে পুরোপুরি দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) স্থানান্তর করা হবে।**

Department of Education
Chancellor Richard A. Carranza

### শিক্ষা গ্রহণে পছন্দ ও সশরীরে শিক্ষার সময়সূচি

আপনাদের মাঝে যারা শিক্ষা বছরের শুরুতে অথবা নভেম্বরে বেছে নেয়ার সময়কাল (অপ্ট-ইন পিরিয়ড) চলাকালে, আপনার সন্তানের শিক্ষা গ্রহণের পছন্দ হিসেবে মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং বেছে নিয়েছেন, তাদের নতুন সময়সূচি সহ আপনার সন্তানের স্কুল শীঘ্রই যোগাযোগ করবে।

যদি আপনি পূর্বে মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং বেছে নিয়েছিলেন কিন্তু এখন পুরোপুরি দূর থেকে বা রিমোট রাখতে চান, আপনি যত শীঘ্রই সম্ভব আপনার পছন্দ পরিবর্তন করতে পারেন nycenet.edu/surveys/learningpreference -সাইটে।

### উপস্থিতি

অনুগ্রহ করে লক্ষ্য করুন, মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিংয়ের শিক্ষার্থীদের নিয়মিতভাবে সশরীরে শিক্ষার জন্য উপস্থিত হওয়া বাধ্যতামূলক। যদি আপনার সন্তান নিয়মিতভাবে সশরীরে উপস্থিত না হয় তবে আপনার স্কুল যোগাযোগ করবে এবং যদি অনিয়মিত সশরীরে উপস্থিতি অব্যাহত থাকে তবে আপনার সন্তানকে পুরোপুরি দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) স্থানান্তরিত করবে। এটা স্কুলগুলোকে সশরীরে উপস্থিত শিক্ষার্থীদের জন্য সশরীরে শিক্ষা নির্দেশনায় সর্বোচ্চ মনোনিবেশ করার সুযোগ দেবে।

### যদি আপনি ভ্রমণ করছেন

বসন্তকালীন ছুটি (স্প্রিং ব্রেক) শুরু হবে সোমবার, 29 মার্চ। অনুগ্রহ করে স্মরণ রাখবেন যে যেসব শিক্ষার্থী ও স্টাফ সম্প্রতি নিউ ইয়র্কের বাহিরে স্টেট-এর ভ্রমণ উপদেশক বা ট্রাভেল অ্যাডভাইজরির তালিকার কোনো স্থান থেকে বেরিয়ে এসেছেন, তাদের ন্যূনতম 10 দিন বাধ্যতামূলক কোয়ারেন্টাইন (স্বেচ্ছায় আলাদা বসবাস) করতে হবে, অথবা পরীক্ষা বা টেস্টিং করার মাধ্যমে 10-দিনের কোয়ারেন্টাইন থেকে অব্যাহতি পেতে পারে, যা পাওয়া যাবে coronavirus.health.ny.gov/covid-19-travel-advisory -সাইটে।

- DOE শিক্ষার্থীরা সিটিজুড়ে H+H সাইটগুলোতে পরীক্ষা বা টেস্টিংয়ে অব্যাহতভাবে অগ্রাধিকার পাবে; সাইটগুলোর একটি তালিকা পাওয়া যাবে: schools.nyc.gov/covidtesting -সাইটে।

আপনার সন্তান যেখানেই শিক্ষা গ্রহণ করুক না কেন, তারা যেন একটি দৃঢ়, সহায়ক শিক্ষা গ্রহণ করে তা নিশ্চিত করতে আমরা অঙ্গীকারবদ্ধ। আমরা জানি আপনার শিক্ষার্থীর জন্য স্কুল কতটা গুরুত্বপূর্ণ, তা মিশ্র (ব্লেন্ডেড) বা দূর থেকে (রিমোট) হোক না কেন—এই চ্যালেঞ্জপূর্ণ সময়ে তাদের প্রতি আমাদের অঙ্গীকার অবিচল রয়েছে।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন